# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৩য় সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৭টি বিভাগের ৫৬টি জেলায় ৪৪৫ অফিস ও প্রায় ৫,৫০০ জন জনবল দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠীর অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় অক্টোবর-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' তৃতীয় সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




### পিকেএসএফ এর নবনিযুক্ত চেয়ারম্যান মহোদয়ের সাথে গাক'র নির্বাহী পরিচালক মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন অদ্য ২৫ অক্টোবর ২০২৩ তারিখে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র নবনিযুক্ত চেয়ারম্যান প্রফেসর ড. এম খায়রুল হোসেন মহোদয়ের সাথে পিকেএসএফ ভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় উপস্থিত ছিলেন গাক'র উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্য প্রফেসর ড. এম সাইদুজ্জামান, ডিপার্টমেন্ট অব এ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম (এআইএস), রাজশাহী বিশ্ববিদ্যালয়। সৌজন্য সাক্ষাতকালে তিনি সংস্থার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সম্পর্কে পিকেএসএফ'র চেয়ারম্যান মহোদয়কে অবহিত করেন।



### গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এবং সোনালী ব্যাংক পিএলসি এর মধ্যে এনজিও লিংকেজের আওতায় কৃষিঋণ সংক্রান্ত দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এবং সোনালী ব্যাংক পিএলসি এর মধ্যে গত ১ নভেম্বর ২০২৩ তারিখে এনজিও লিংকেজের আওতায় কৃষিঋণ সংক্রান্ত একটি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। প্রান্তিক পর্যায়ের ক্ষুদ্র ও মাঝারি কৃষক/সদস্যদের মাঝে কৃষিঋণ সেবা প্রদানের মাধ্যমে কৃষি কর্মকান্ড সম্প্রসারণ ও বহুমুখী ফসল উৎপাদনের মাধ্যমে আয় বৃদ্ধি ও জীবন মান উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের মাধ্যমে টেকসই উন্নয়নে এই ঋণ বিশেষ ভূমিকা রাখবে। উক্ত ঋণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন সোনালী ব্যাংক পিএলসি এর জেনারেল ম্যানেজার জনাব মোঃ আমিনুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি মহোদয় তার বক্তব্যে ভবিষ্যতে গাক কর্তৃক যথাযথভাবে ও নির্ধারিত খাতে এ ঋণের ব্যবহার এবং ব্যাংকের নিয়ম অনুসরন করার মাধ্যমে এ ঋণের পরিমান ভবিষ্যতে উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩




## গাক'র সাথে ইউএনএফপিএ-বাংলাদেশ এর মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর

কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক পরিষেবার উন্নয়নে ৪টি বেসরকারি সংস্থার সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে চুক্তিবদ্ধ হয়েছে ইউএফপিএ বাংলাদেশ। গত ১২ নভেম্বর ২০২৩ ইং তারিখে সকালে গুলশানের একটি হোটেলে আনুষ্ঠানিকভাবে বেসরকারি সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক), জ্যানাক্স হেলথ, ইমপ্যাক্ট হাব ঢাকা এবং টগোমোগো এর সাথে ইউএফপিএ বাংলাদেশ-এর মধ্যে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করতে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের আওতায় কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে নারী উদ্যোক্তা ফার্মেসি বির্ণিমানে কাজ করা হবে।



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে মহান বিজয় দিবসে পুষ্পস্তবক অর্পণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবসে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়। এ সময় উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) জনাব হুমায়ুন খালেদ, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন সরদার মোঃ জিয়া উদ্দিনসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। এ বিজয় আমাদের প্রেরণা, মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হোক আমাদের প্রিয় মাতৃভূমি। মহান বিজয় দিবসে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি সংস্থার পক্ষ হতে বিনম্র শ্রদ্ধা জানানো হয়।




## গাক কর্তৃক আয়োজিত শোভন কর্ম পরিবেশ উন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় ১০টি সহযোগী সংস্থার অংশগ্রহণে শোভন কর্ম পরিবেশ উন্নয়ন বিষয়ক কর্মশালা ১১ নভেম্বর ২০২৩ ইং তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী বগুড়া অনুষ্ঠিত হয়। গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার এর সঞ্চালনায় উক্ত কর্মশালার শুভ উদ্বোধন করেন পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীন নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ। সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর সহকারী মহাব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়কারী জনাব মোঃ হাবিবুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভেল্যুচেইন প্রজেক্ট ম্যানেজার জনাব মোঃ মাসুম সরকার এবং অংশগ্রহণকারী হিসেবে ১০ টি সহযোগি সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় সহযোগি সংস্থার প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় শীর্ষক পরিকল্পনা প্রনয়ন করা হয়।




## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন

সংস্থার শাখা ব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তাদের জন্য "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক" ২ দিন ব্যাপী প্রশিক্ষণের ৬ষ্ঠ ব্যাচ আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে ৩০ জন শাখা ব্যবস্থাপক অংশগ্রহণ করেন। গত ১৪ অক্টোবর, ২০২৩ তারিখে প্রশিক্ষণের সমাপনী সেশনে গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন অনলাইন জুমে সংযুক্ত হয়ে নির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ ও ট্রেনিং কোর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন। উল্লেখ্য যে, ব্র্যাক এর অভিজ্ঞ রির্সোস পার্রসন কর্তৃক ধারাবাহিকভাবে এ প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩




## গাক'র পক্ষ থেকে শেখ রাসেল দিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি

জাতির পিতা বঙ্গবন্ধুর কনিষ্ঠপুত্র শেখ রাসেলের ৬০তম জন্মদিনে "শেখ রাসেল দিবস" উপলক্ষে শেখ রাসেল এর প্রতিকৃতিতে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়। শ্রদ্ধা জ্ঞাপন শেষে সংস্থার প্রধান কার্যালয় কনফারেন্স হলে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (এমএফ) জনাব পঙ্কজ কুমার সরকার, পরিচালক (প্রশাসন ও আভ্যন্তরীণ নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) জনাব হজকিল মোঃ আবু হাসান, উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন সরদার মোঃ জিয়া উদ্দিন, সহকারী পরিচালক জনাব মোঃ সাইদুল ইসলামসহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষ্যে সংস্থার প্রকল্পসমূহ ও শাখা পর্যায়ে বিভিন্ন ধরনের কর্মসূচি যেমনঃ শিশু কিশোরদের অংশগ্রহণে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, মাদ্রাসায় এতিম শিশুদের খাবার পরিবেশন, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## "কর্মক্ষেত্রে আপনার চোখের যত্ন নিন" এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে পালিত হলো "বিশ্ব দৃষ্টি দিবস ২০২৩"




গত ১২ অক্টোবর ২০২৩ সকাল ১১.০০টায় "বিশ্ব দৃষ্টি দিবস ২০২৩' উদযাপন উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর আয়োজনে বগুড়া জেলা সিভিল সার্জন এর কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র‌্যালী বের হয়ে বগুড়া জেলা পরিষদ চত্বর দিয়ে ঘুরে সিভিল সার্জনের এর কার্যালয়ে এসে শেষ হয়। র‌্যালীতে অংশগ্রহণ করেন বগুড়া জেলা সিভিল সার্জন ডাঃ মোহাম্মাদ শফিউল আজম, ডেপুটি সিভিল সার্জন ডাঃ শাহনাজ পারভিন, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, গাক চক্ষু হাসপাতালের পরিচালক ডাঃ হাসান শহীদ মোঃ রেজাউন্নবী। এছাড়াও র‌্যালীতে অংশগ্রহণ করেন গাক চক্ষু হাসপাতাল, গ্রামীণ জিসি, টিএমএসএস, লাইট হাউস এবং মিশন হাসপাতালের ডাক্তার নার্সসহ বগুড়া সিভিল সার্জন অফিসের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। র‌্যালী শেষে বগুড়া সিভিল সার্জন কার্যালয়ের সভাকক্ষে বিশ্ব দৃষ্টি দিবসের তাৎপর্য নিয়ে এক আলাচনা সভা অনুষ্ঠিত হয়।



## উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের অংশ হিসেবে ২ দিন ব্যাপী "স্বপ্ন আমার উদ্যোক্তা হবো" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের অংশ হিসেবে ২ দিন ব্যাপী "স্বপ্ন আমার উদ্যোক্তা হবো" শীর্ষক প্রশিক্ষণ ২৫ ও ২৬ নভেম্বর ২০২৩ ইং তারিখে গাবতলী উপজেলাধীন তরফসরতাজ গ্রামের প্রবীণ সামাজিক কেন্দ্রের সমৃদ্ধির অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৩৫ জন তরুন উদ্যোক্তা অংশগ্রহণ করেন এবং প্রশিক্ষণ শেষে তাদেরকে সার্টিফিকেট প্রদান করা হয়।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপী " ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ"

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" গত ২৫-২৭ অক্টোবর ২০২৩ তারিখ গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। গাক এ যোগদানকৃত নতুন ফিল্ড অফিসারদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সের সমাপনী দিনে উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি সংস্থায় যোগদানকৃত নতুন ফিল্ড অফিসারদের উদ্দেশ্যে সততা, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করে কাজ করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণ কোর্সটি গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব মোঃ কবীর উদ্দিন এবং প্রশিক্ষণ বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ কর্তৃক পরিচালিত হয়।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক’র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩



## গাক কর্তৃক বাস্তবায়নাধীন RMTP প্রকল্পের আওতায় ভেটেরিনারি ল্যাব আধুনিকায়নে অত্যাধুনিক আল্ট্রা সাউন্ড মেশিন ক্রয়ে চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন RMTP প্রকল্পের আওতায় বগুড়া সদর উপজেলাধীন "আর. কে ভেট এন্ড পেট কেয়ার সেন্টার" এর আধুনিকায়নে উক্ত ভেটেরিনারি ল্যাব এন্ড সার্ভিস সেন্টার এর স্বত্ত্বাধিকারী উদ্যোক্তা ডা. রিপন কুমার মন্ডলকে আল্ট্রা সাউন্ড মেশিন ক্রয়ে ৬ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুদানের চেক প্রদান করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত RMTP প্রকল্পের আওতায় উক্ত চেক প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ রাফিউল ইসলাম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মো: জিয়াউদ্দিন সরদার, জিআইটি'র অধ্যক্ষ মোঃ আহসান হাবিব, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমানসহ RMTP প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।




## গাক'র রেইজ প্রকল্পের শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় ৫ দিন ব্যাপি "জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন রেইজ প্রকল্পের শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় "ছোট উদ্যোগে মানব সক্ষমতার বিকাশ" এই প্রতিপাদ্য সামনে রেখে ৫ দিন ব্যাপি "জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ" কার্যক্রম কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষনের উদ্বোধন করেন পরিচালক (এমফ) পঙ্কজ কুমার সরকার। উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষনার্থীর উদ্দেশ্যে বলেন, দেশের স্বল্প শিক্ষিত স্বল্প আয়ের শিক্ষার্থীদের তাদের ব্যবহারিক কাজ হাতে নাতে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিনত হওয়া যাতে তারা সবাই নিজ কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন। উক্ত প্রশিক্ষণটি সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি সকল প্রশিক্ষণার্থীদের সফল উদ্যোক্তা হওয়ার জন্য উৎসাহিত করেন।

## গাক কর্তৃক বাস্তবায়নাধীন PACE প্রকল্পের আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের মাঠ দিবস অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন PACE প্রকল্পের আওতায় "গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষ সম্প্রসারণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক ভেল্যুচেইন উপ-প্রকল্প এর মাধ্যমে বগুড়া জেলার গাবতলী এবং পাবনা জেলার সাথিয়া উপজেলায় মোট ৫০০ কৃষকের অংশগ্রহণে গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষ করা হচ্ছে। প্রকল্পটি পিকেএসএফ এবং আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) এর অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় বগুড়া জেলার গাবতলী উপজেলার উনচুরখী গ্রামে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখে ১০০ জন কৃষকের অংশগ্রহণে মাঠ দিবসের আয়োজন করা হয়। উক্ত মাঠ দিবস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ মসলা গবেষণা ইন্সটিটিউট, বগুড়ার উর্দ্ধতন বৈজ্ঞানিক কমকর্তা ড. মো: মাহমুদুল হাসান সুজা, গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ মোঃ শাহ আলম, পেঁয়াজ উৎপাদনকারী, এলাকার অন্যান্য কৃষক, গণ্যমান্য ব্যক্তিবর্গ, ইলেক্ট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



## গাক কর্তৃক বাস্তবায়নাধীন RMTP প্রকল্পের আওতায় আইএসও (ISO) সার্টিফিকেশন প্রাপ্তিতে নতুন ভাবে সংযোজিত হলো আরও একটি প্রতিষ্ঠান

গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন গত ৬ ডিসেম্বর ২০২৩ তারিখে বগুড়ার স্বনামধন্য প্রতিষ্ঠান "ফুড ভিলেজ ডিস্ট্রিবিউশন কোম্পানী" এর প্রতিনিধি ম্যানেজার মো: জাহিদুর রহমান কে আরএমটিপি প্রকল্পের আওতায় সংস্থার প্রধান কার্যালয়ে ISO সনদ প্রদান করেন। আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত RMTP প্রকল্পের আওতায় উক্ত সনদ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, গাক চক্ষু হাসপাতালের মেডিকেল ডিরেক্টর ডাঃ হাসান সহিদ মোঃ রেজাউন্নবী মন্ডল, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ রাফিউল ইসলাম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, আইএসও প্রতিনিধি মোঃ রকিবুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমানসহ RMTP প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩




## রেইজ (RAISE) প্রকল্পের আওতায় শিক্ষানবিশি কার্যক্রমের "মাষ্টার ক্রাফটপার্সন ওরিয়েন্টেশন" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন রেইজ (RAISE) প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের শিক্ষানবিশি কার্যক্রমের "মাষ্টার ক্রাফটপার্সন ওরিয়েন্টেশন"এর ২য় ব্যাচের কর্মসূচি ১১-১০-২০২৩ ইং তারিখে গাক কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন গাক এর পরিচালক (এমএফ) জনাব পঙ্কজ কুমার সরকার। প্রকল্পটি পিকেএসএফ এবং বিশ্বব্যাংক এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত হচ্ছে। অনুষ্ঠানটি সফলতার জন্য সার্বিকভাবে ফ্যাসিলিটেশন করেন প্রকল্পের সমন্বয়কারী জনাব হাফিজার রহমান, গাক ট্রেনিং বিভাগের সমন্বয়কারী জনাব কবির উদ্দিন এবং লাইফ স্কিলস এন্ড এন্টারপ্রিনিয়রশীপ ডেভেলপমেন্ট অফিসার জনাব ভবানন্দ রায়। প্রশিক্ষণটির সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। তিনি বলেন স্বচ্ছতা ও জবাবদিহীতার সাথে শিক্ষানবিশীদের শিক্ষা প্রদান করবেন এবং শিষ্যদের স্বাবলম্বী ও উদ্যোক্তা তৈরী করতে এ প্রশিক্ষণ মুখ্য ভুমিকা পালন করবেন বলে আশা করছি।



## গাক চক্ষু হাসপাতাল দিনাজপুর এর কার্যক্রম পরিদর্শন

গাক চক্ষু হাসপাতাল এর ব্যবস্থাপনা পরিচালক ও গাক'র পরিচালক (সোশ্যাল) জনাব মোঃ রশিদুল ইসলাম (রেজা) মহোদয় কর্তৃক গাক চক্ষু হাসপাতাল, দিনাজপুর পরিদর্শন করেন। তিনি সমগ্র হাসপাতাল এর কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং হাসপাতালের পরিচ্ছন্ন পরিবেশ, রোগীদের মানসম্মত সেবা, সুসজ্জিত ওয়ার্ড, আধুনিক কেবিন, অত্যাধুনিক চিকিৎসা যন্ত্রপাতি ও সরঞ্জামাদি দেখে মুগ্ধ হন এবং হাসপাতালের সেবা কার্যক্রম দেখে সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়াও তিনি হাসপাতালে চিকিৎসা সেবা নিতে আসা রোগীদের সাথে মতবিনিময় করেন ও সেবার মান নিয়ে ভূয়সী প্রশংসা করেন। এরপর তিনি হাসপাতালের সকল স্টাফের সাথে হাসপাতাল কার্যক্রম নিয়ে মতবিনিময় সভা করেন।

## গাক চক্ষু হাসপাতাল বগুড়া কর্তৃক ছানি অপারেশন শেষে রোগীদের হাসি মুখে বিদায়



গাক চক্ষু হাসপাতাল বগুড়া কর্তৃক ছানি অপারেশন শেষে রোগীদের হাসি মুখে বিদায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক চক্ষু হাসপাতাল এর ডাইরেক্টর (মেডিকেল) ডাঃ এইচ এস মোঃ রেজাউন্নবী মন্ডল। অপারেশন পরবর্তী তিনি সকল রোগীদের পর্যবেক্ষণ শেষে রিলিজ প্রদান করেন। গাক চক্ষু হাসপাতালের সেবা গ্রহণ করে প্রত্যক রোগী বাড়ি ফেরার পূর্ব মূহুর্তে হাসপাতালের সেবা কার্যক্রম নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।




## গাক'র এসএমএপি ঋণ কর্মসূচির আওতায় দিনাজপুর অঞ্চলের কর্মকর্তা/কর্মীদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মী সমাবেশ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এসএমএপি ঋণ কর্মসূচির আওতায় দিনাজপুর অঞ্চলের কর্মকর্তা/কর্মীদের অংশগ্রহণে সদর উপজেলা পরিষদ মিলনায়তন, দিনাজপুরে দিনব্যাপী কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি কর্মকর্তা/কর্মীদের উদ্দেশ্যে সততা, নিষ্ঠা এবং জবাবদিহীতার সহিত সংস্থার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, যুগ্ম পরিচালক মোঃ হাসান আশরাফুজ্জামান, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, জোনাল ম্যানেজার মোঃ ইসমাইল হোসেন সহ অত্র অঞ্চলের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক’র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩




## গাক এসইপি প্রকল্পের আওতায় মডেল ওয়ার্কশপ স্থাপনে উদ্যোক্তাদের মাঝে উপকরণ ও সরঞ্জামাদি বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)" এর আওতায় "পরিবেশ বান্ধব টেকসই অনুশীলনের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জামাদি উৎপাদন দক্ষতা বৃদ্ধি" উপ-প্রকল্পটি বগুড়া জেলাধীন ৩টি উপজেলায় বাস্তবায়ন করছে। বিশ্ব ব্যাংক এবং পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় প্রকল্প সংশ্লিষ্ট উদ্যোক্তাদের কারখানার পরিবেশ উন্নয়ন, মানসম্মত পণ্য উৎপাদন, শ্রমিক ও কর্মীদের নিরাপত্তা বিষয়ে বগুড়া জেলায় কৃষি যন্ত্রাংশ খাতে ১৩টি মডেল ওয়ার্কশপ স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় ইতিমধ্যে ১০ টি আধুনিক পরিবেশবান্ধব মডেল ওয়ার্কশপ স্থাপন সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। চলমান কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের আওতায় নতুন করে আরো ৩টি মডেল ওয়ার্কশপ স্থাপনের উদ্যোগ নেয়া হয়। এরই ধারাবাহিকতায় ১৮ অক্টোবর ২০২৩ তারিখে গাক টাওয়ার বনানী বগুড়ায় ৩জন উদ্যোক্তাকে মডেল ওয়ার্কশপ স্থাপনে বিভিন্ন আধুনিক উপকরণ ও সরঞ্জামাদি প্রদান করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এ সময় উপস্থিত ছিলেন পরিচালক (এমএফ) পঙ্কজ কুমার সরকার, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ন খালেদ, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশনে) জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক (এসইপি) মোঃ সাইফুল ইসলাম সহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তা এবং বিভিন্ন কারখানার মালিক ও প্রতিনিধিগণ।



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এসএমএপি কৃষি কর্মসূচির আওতায় নওগাঁ জেলার দেলুয়াবাড়িতে শস্য বহুমুখীকরণ কার্যক্রমে (গাঁজরের সাথে আখ) চাষে কৃষককে টিএসএস প্রদান করা হচ্ছে।

## RMTP প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে বিদ্যমান পলিসি প্রয়োগ ও নতুন পলিসি উন্নয়নে কর্মশালা অনুষ্ঠিত হয় ।




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন PKSF, IFAD, DANIDA এর সহায়তায় RMTP প্রকল্পের আওতায় গত ১৯/১২/২৩ তারিখে ৭ম ত্রৈমাসিক "জেলা পর্যায়ে বিদ্যমান পলিসির প্রয়োগ ও নতুন পলিসি উন্নয়নে ডিএলএস, মাল্টি স্টেক হোল্ডার ও সংশ্লিষ্ট এক্টরদের কর্মশালা" জেলা প্রাণিসম্পদ অধিদপ্তর, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় জেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মোঃ মোশারফ হোসেন প্রকল্পভুক্ত ডায়াগনোস্টিক ল্যাবে প্রকল্প সহায়তায় সংযোজিত অত্যাধুনিক পোর্টেবল আল্ট্রা সাউন্ড মেশিনের মাধ্যমে গবাদি প্রাণির গর্ভধারন ও রোগ নির্ণয়ে সফলতা কামনা করেন। তিনি পণ্যের আন্তর্জাতিক মান অর্জনে আইএসও সনদের গুরুত্বের পাশাপাশি সরকারী পর্যায়ে ছাগল ও ভেড়ার কৃত্রিম প্রজনন সম্প্রসারণ প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন।



## গাক’র ক্ষুদ্র ঋণ কার্যক্রমের গ্রুপ মিটিং এর মাধ্যমে ঋণ সেবা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলে বোহাইল ইউনিয়নের পৌতিবাড়ি গ্রামের উত্তরপাড়া মহিলা সমিতিতে গ্রুপ মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিংয়ে ঋণের উত্তম ব্যবহার এর পাশাপাশি বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুককে না বলা এবং নারী নির্যাতন বন্ধে সমিতি সদস্যদের উদ্বুদ্ধ করা হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" গত ১৪-১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে গাক ট্রেনিং সেন্টার, উত্তরা, ঢাকায় অনুষ্ঠিত হয়। গাকে যোগদানকৃত নতুন ফিল্ড অফিসারদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সের সমাপনী দিনে উপস্থিত ছিলেন সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক মহোদয় ড. খন্দকার আলমগীর হোসেন। প্রশিক্ষণের সমাপনী সেশনে নির্বাহী পরিচালক মহোদয় প্রশিক্ষণ থেকে শিক্ষা নিয়ে মাঠ পর্যায়ে সততা, স্বচ্ছতা ও জবাবদিহীতা নিয়ে ফিল্ড অফিসারদের কাজ করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন সমন্বয়কারী-মানবসম্পদ, সমন্বয়কারী-প্রশিক্ষণসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ কোর্সটি গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব মোঃ কবীর উদ্দিন এবং প্রশিক্ষণ বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ কর্তৃক পরিচালিত হয়।



## উচ্চ মূল্যের ফসল উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় চরাঞ্চলে হাইব্রিড মরিচ চাষে কৃষকরা বাম্পার ফলন পাচ্ছে

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় হাইব্রিড মরিচ চাষে কৃষকরা বাম্পার ফলন পেয়েছে। প্রকল্পটি ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় গাক সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ১৪০০ কৃষককে সম্পৃক্ত করে উচ্চ মূল্যের ফসল (মরিচ, ভূট্টা, সরিসা এবং পাট) উৎপাদন ও বাজারজাতকরনের লক্ষ্যমাত্রা নিয়ে প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় কৃষকদের ভালো মানের বীজ, সার, কীটনাশক, প্রশিক্ষণসহ নিয়মিত কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। গত ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম সারিয়াকান্দির চরাঞ্চলে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ্টি প্রকাশ করেন। এসময় আরও উপস্থিত ছিলেন গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদারসহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।



## PACE E-Commerce প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের পণ্যের প্রচারণামূলক সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পেস ই-কমার্স প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের পণ্যের প্রচারণামূলক সভা গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বগুড়ার ৩৫ জন নারী উদ্যোক্তা তাদের উৎপাদিত বিভিন্ন ধরনের পণ্য নিয়ে সভায় উপস্থিত ছিলেন। নির্বাহী পরিচালক মহোদয় উপস্থিত প্রত্যেক উদ্যোক্তার প্রর্দশিত পণ্য পরিদর্শন কালে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের গুনগত মাননিয়ন্ত্রন, প্যাকেজিং এবং ব্র্যান্ডিং এর উপর গুরুত্বারোপ করে দক্ষতা উন্নয়নে জিগ্যালোর এর সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদারসহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) সংখ্যা ০৩



## গাক এসইপি প্রকল্পের উদ্যোগে পরিবেশবান্ধব হলোব্রিকস্, ব্লকস্ ও টাইলস্ ব্যবহারে উদ্বুদ্ধকরণ ওয়ার্কশপ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এসইপি প্রকল্পের আওতায় পরিবেশবান্ধব হলোব্রিকস্, ব্লকস্ ও টাইলস্ ব্যবহারে উদ্বুদ্ধকরণ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় তিনি বলেন দেশের সম্ভাবনাময় এই খাতে সরকারি উদ্যোগের পাশাপাশি কাজ করতে পেরে আমরা আনন্দিত। উপ-প্রকল্পের আওতায় বগুড়ার লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে পরিবেশগত অনুশীলন সহ উন্নয়ন ও আধুনিকায়নের যে ছোঁয়া পরেছে তা অব্যহত রাখতে গাক উদ্যোক্তাদের পাশে ছিলো এবং আগামীতেও থাকবে। তিনি আরো বলেন এসইপি প্রকল্পের আওতায় উদ্যোক্তাদের মাঝে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের পাশাপাশি উদ্যোক্তাদের কারখানা শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষায় বিভিন্ন পদক্ষেপ, শ্রমিকদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ, মডেল ওয়ার্কশপ স্থাপন, কমন সার্ভিস সেন্টার স্থাপন, শ্রমিক-কর্মচারীদের ব্যবহারের জন্য ক্লাস্টার ভিত্তিক টয়লেট স্থাপন, ফাউন্ড্রি কারখানার সৃষ্ট বর্জ্য হতে ব্লকস্ ও ব্রিকস্ নির্মাণ সহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম মাঠপর্যায়ে বাস্তবায়িত হচ্ছে যা দাতা সংস্থা, সাধারণ জনগণ ও উদ্যোক্তাদের নিকট প্রশংসনীয় হয়েছে।

## গাক শিক্ষা কর্মসূচীর উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের মাঝে প্রত্যয়ন পত্র বিতরণ




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম "গাক শিশু বিকাশ" এর আওতায় সমাজে পিছিয়ে পড়া অতিদরিদ্র পরিবারের স্কুল থেকে ঝরে পড়া ও স্কুল বিমুখ ছেলে মেয়েদের কে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে অর্ন্তভুক্ত করে দেশের ১৯ টি জেলায় ১২৬০ টি শিক্ষা কেন্দ্র পরিচালনা করে আসছে। উক্ত শিক্ষা কর্মসূচির আওতায় ৩০,৫০০ জন শিক্ষার্থী লেখাপড়া করছে, যাদের কে বিনামূল্যে সকল প্রকার শিক্ষা উপকরণ সরবরাহ করা হচ্ছে। গাক শিক্ষা কেন্দ্র গুলিতে সরকারের কারিকুলাম অনুযায়ী শিশু শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত পাঠদান করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২৩ সালে দেশের ১৯ টি জেলায় ১৩৫টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ২৯৬৬ জন শিক্ষার্থী ৫ম শ্রেণী কোর্স সমাপ্ত করে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হয়েছে। এই উপলক্ষ্যে প্রতিটি শিক্ষার্থীকে গাকের পক্ষ থেকে প্রত্যয়ন পত্র প্রদান করা হয়েছে।

## জিগ্যালোর এর সাথে উদ্যোক্তাদের পণ্য বিপনণের সমন্বয় মিটিং



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সামাজিক এন্টারপ্রাইজ জিগ্যালোর এর সাথে বগুড়ার উদ্যোক্তাদের পণ্য বিপনণের জন্য জিগ্যালোর আউটলেটে গাক টাওয়ার বনানী বগুড়ায় একটি সমন্বয় মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিংয়ে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের কোয়ালিটি চেক করে মানসম্পন্ন কিছু পণ্য নির্বাচন করা হয় যা জিগ্যালোর ব্রান্ডের মাধ্যমে বিক্রয় করে উদ্যোক্তাদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।



## গাক স্বাস্থ্য সেবা কর্মসূচির মাধ্যমে কর্ম এলাকার দরিদ্র সদস্যদের নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর স্বাস্থ্য সেবা কর্মসূচির মাধ্যমে গাবতলী ও সারিয়াকান্দি উপজেলায় গ্রামাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর খানা জরিপের মাধ্যমে সদস্য নির্বাচন করে স্বাস্থ্য সেবিকার মাধ্যমে নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে।